

মল্লিকা সেনগুপ্ত

শঙ্খমালা রত্নমালা বুলিঠাকুমার  
কোথায় হারিয়ে গেছেচম্পককুমার।

ঘনাদা টেনিদা সব বুড়োথুথুরে  
কচিদের মন থেকে শতহাতদূরে

আমাদের ফেলুদারওবয়স বেড়েছে  
এখন সে কাকু জেঠু অনেকেরকাছে।

কাকাবাবু সন্তুরা যাননা তোআর  
মাসাইমারার ডাকে জঙ্গলপাহাড়।

ঘটনার ঘনঘটা জম্পেশ হোক  
বাংলার শিশুচায় নতুন নায়ক।

নতুন ভূগোল চায় জটিলরহস্য  
নতুন আধারে চায় পুরাতনশস্য।

নিশ্চিন্দিপুরের অপু বড়অসহায়  
শিশুমনে ঝিয়ন ঢোকে পায়পায়।

আজ আর ট্রেন নয় সে দেখেজাহাজ  
জাহাজ বোঝাই নামে পটারেরঝাঁঝ।

শিশু বলে কিনে দাও হিং ট্রিংট্রিং  
হারি পটারের জাদু ভনেরাউলিং।

